

ELECTION 2020

Call:
1-888-API-VOTE
(274-8683)

Bilingual assistance is available in English, Mandarin (普通话/普通话),
Cantonese (廣東話/广东话), Korean (한국어), Vietnamese (Tiếng Việt),
Tagalog, Urdu (اردو), Hindi (हिन्दी), and Bengali (বাংলা).



আমার ভোটটি কী গণনা করা হয়েছে? ভোট দেয়ার পর আপনার কী করণীয়?

কখনো কখনো আপনার ব্যালট গণনা না-ও করা হয়ে থাকতে পারে। ব্যালট গণনা নির্বাচন দিনের পর থেকে অনেক দিন ধরে চলতে থাকে। সুতরাং আপনার হাতে সময় থাকে যেসব সমস্যার কারণে আপনার ব্যালট গণনায় ধরা হয় না সেগুলো ঠিক করার জন্য। এখানে আপনি জানতে পারবেন আপনার ভোট যেন গণনায় ধরা হয় তার জন্য আপনাকে কী করতে হবে।

নির্বাচনের দিন হলো মংগলবার, নভেম্বর ৩, ২০২০

মেইল/অনুপস্থিতির ব্যালটসমূহ

- আপনার মেইল/অনুপস্থিতির ব্যালট ট্র্যাক করুন এটি নিশ্চিত করার জন্য যেন এটি গণনায় ধরা হয়। আপনি প্রতিটি স্টেট-এর ট্র্যাকিং তথ্য পাবেন www.ballotready.org এই ওয়েবসাইটে।
 - আপনার যদি সাহায্যের প্রয়োজন হয় তাহলে **1-888-API-VOTE (1-888-274-8683)** এই হটলাইন নাম্বারে কল করুন। সহায়তা দেয়া হয় বাংলা, ক্যান্টনিজ, হিন্দি, কোরিয়ান, ম্যাণ্ডারিন, তাগালোগ, ভিয়েতনামিজ, এবং উর্দু ভাষায়।
 - আগে থেকেই ট্র্যাকিং শুরু করুন – সমস্যা ঠিক করবার জন্য প্রায়শই খুব অল্প সময় অবশিষ্ট থাকে।
- যদি আপনার মেইল/অনুপস্থিতির ব্যালট গণনা করা না হয়ঃ
 - মেইল/অনুপস্থিতির ব্যালট গণনা না হওয়ার কিছু সাধারণ কারণঃ
 - দস্তখত না মিললে – মেইল/অনুপস্থিতির ব্যালট-এ আপনার দস্তখত সরকারী দলিলে সংরক্ষিত আপনার দস্তখত-এর সাথে না মিলার কারণে।
 - নির্দেশনাসমূহ পুরোপুরি বা সঠিকভাবে অনুসরণে ব্যর্থ হলে।
 - আপনার পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে ব্যর্থ হলে।
 - এই হটলাইন নাম্বারে কল করুন **1-888-API-VOTE (1-888-274-8683)** এটি দেখার জন্য যে আপনি আপনার অনুপস্থিতির/মেইল ব্যালটের সমস্যা ঠিক করতে পারবেন কী না। সহায়তা প্রদান করা হয় ইংরেজি, বাংলা, ক্যান্টনিজ, হিন্দি, কোরিয়ান, ম্যাণ্ডারিন, তাগালোগ, ভিয়েতনামিজ, এবং উর্দু ভাষায়।

শর্তাধীন ব্যালট

- আপনি যদি শর্তাধীন ব্যালটে ভোট দিয়ে থাকেন, আপনার স্থানীয় অথবা স্টেট গভর্নমেন্ট ইতোমধ্যেই হয়তো জানিয়ে দিয়েছেন আপনার ভোট দেয়ার সময় আপনার শর্তাধীন ব্যালট গণনা করা হয়েছে কী না তা কীভাবে দেখতে পারবেন।
- যদি আপনি শর্তাধীন ব্যালটে ভোট দিয়ে থাকেন এবং এটি গণনা করা না হয়, কিছু কিছু ক্ষেত্রে আপনি কিছু পদক্ষেপ নিতে পারেন যাতে আপনার ভোট গণনা করা হয়ঃ
 - শর্তাধীন ব্যালট গণনা না করার কিছু সাধারণ কারণ রয়েছেঃ
 - ভোটার রেজিস্ট্রেশন – আপনি যদি বিশ্বাস করেন যে আপনি ভোট দিতে রেজিস্ট্রেশন করেছেন কিন্তু নির্দিষ্ট ভোট কেন্দ্রের ভোটার তালিকায় আপনার নাম দেখা যায়নি, হতে পারে কিছু কারণ রয়েছে যা আপনি আপনার স্থানীয় নির্বাচন অফিসারের সাথে বসে সমাধা করতে পারেন।
 - পরিচিতি – যদি আপনি আপনার সঠিক পরিচয়পত্র নির্বাচন কেন্দ্রে আনতে ভুলে গিয়ে থাকেন, কিছু কিছু ক্ষেত্রে আপনি তা আপনার স্থানীয় নির্বাচন অফিসারের কাছে আনতে পারেন।
 - দস্তখত একই রকম না হওয়া – যদি নির্বাচন রেকর্ডে সংরক্ষিত আপনার দস্তখতের সাথে ব্যালটে দেয়া আপনার দস্তখত না মিলে, তাহলে এই অবস্থায় নির্বাচনের পর আপনি আপনার স্থানীয় নির্বাচন অফিসারের সাথে ব্যাপারটি মীমাংসা করার পদক্ষেপ নিতে পারেন।
 - এই সমস্যাগুলো সমাধা করার জন্য হয়তো খুব অল্প সময়ই বাকী আছে। এই হটলাইন নাম্বারে **1-888-API-VOTE (1-888-274-8683)** কল করুন কীভাবে আপনি এটি করতে পারবেন। সহায়তা প্রদান করা হয় ইংরেজি, বাংলা, ক্যান্টনিজ, হিন্দি, কোরিয়ান, ম্যাণ্ডারিন, তাগালোগ, ভিয়েতনামিজ, এবং উর্দু ভাষায়।

আরো জানতে চান? আমাদের নির্বাচন-সম্পর্কিত তথ্যবলি দেখুন www.advancingjustice-aaic.org/election2020 এখানে।